গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় জনসংখ্যা গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট (NIPORT)
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
১৩/১ শেখ সাহেব বাজার, আজিমপুর, ঢাকা-১২০৫।
www.niport.gov.bd

স্মারক নং-৫৯.১২.০০০০.০০১.০৬.১৬৭.২৪.১০৩৪

তারিখ: ০৬ অগ্রহায়ণ ১৪৩১ বঙ্গাব্দ
২১ নভেম্বর ২০২৪ খ্রিস্টাব্দ

বিষয়: জাতীয় জনসংখ্যা গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট (নিপোর্ট)-এর নভেম্বর/২০২৪ খ্রি. মাসে অনুষ্ঠিত অভ্যন্তরীণ মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী।

সভাপতি : **ডা. আশরাফী আহমদ** এনডিসি মহাপরিচালক, নিপোর্ট, আজিমপুর, ঢাকা।

সভার তারিখ ও সময় : ১৮/১১/২০২৪ খ্রি. বেলা: ১১.০০ ঘটিকা।

সভার স্থান : নিপোর্ট সভাকক্ষ।

উপস্থিত সদস্যবৃন্দের তালিকা : পরিশিষ্ট 'ক' দ্রষ্টব্য

সভাপতি সভায় উপস্থিত সকল কর্মচারীবৃন্দকে স্বাগত জানিয়ে সমন্বয় সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে পরিচালক (প্রশাসন), জনাব মো: গোলাম মোস্তফা নিপোর্টের কার্যক্রম যেমন: অনিষ্পন্ন পত্র, নিপোর্টের নিয়োগ বিধিমালা সংশোধন, নিপোর্টের প্রশিক্ষণ ও গবেষণা নীতিমালা, ২০২৪, সেন্ট্রাল রেজিষ্টার, ওয়েবসাইট হালনাগাদকরণ, নিপোর্টের ফেইসবুক পেইজ নিয়মিত আপডেট করা এবং ডি-নথি ইত্যাদি বিষয়ের উপর গুরুত্বারোপ করে আলোচনার সূত্রপাত করেন। পরবর্তীতে সর্বশেষ অবস্থা/অগ্রগতি সম্পর্কে আলোচ্যসূচি অনুযায়ী উপস্থাপনার নিমিত্ত উপপরিচালক (প্রশাসন) জনাব লুৎফুন্নেসা খানমকে অনুরোধ করেন। আলোচ্যসূচি অনুযায়ী সভায় বিস্তারিত আলোচনা হয় এবং গুরুত্বপূর্ণ বিষয়ে পরিচালক (গবেষণা) জনাব মো: আহছানুল আলম, পরিচালক (প্রশিক্ষণ) শেখ রাসেল হাসান সহ ও অন্যান্য কর্মকর্তাগণ আলোচনায় অংশগ্রহণপূর্বক মতামত ব্যক্ত করেন। বিস্তারিত আলোচনা শেষে সভায় নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

| ক্রম | আলোচ্যসূচি | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্মকর্তা/কর্মচারী |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ১ | খাস খতিয়ানভুক্ত জমির রেকর্ড সংশোধন সংক্রান্ত | RPTI ও RTC সমূহের খাস খতিয়ানভুক্ত জমির রেকর্ড সংশোধন সংক্রান্ত বিষয়ে বিশদ আলোচনা হয়। | খাস খতিয়ানভুক্ত জমির রেকর্ড সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ/ মহাপরিচালক, নিপোর্ট নামে সংশোধন সংক্রান্ত বিষয়ে মন্ত্রণালয়ের নির্দেশনার প্রেক্ষিতে আলোচনা হয়। আগামী ৩০ (ত্রিশ) কর্মদিবসের মধ্যে এ সংক্রান্ত বিষয়ে অগ্রগতি উপপরিচালক (প্রশাসন), নিপোর্ট মহাপরিচালক মহোদয়কে অবহিত করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপপরিচালক (প্রশাসন) ও সংশ্লিষ্ট কর্মচারী |
| ২ | নিয়োগবিধি সংশোধন | নিপোর্টের অনুমোদিত নিয়োগবিধির অসংগতি দূর করার চলমান কার্যক্রম বর্তমানে সচল নাই। বিষয়টি অত্যন্ত গুরুত্বপূর্ণ বিধায় এ বিষয়ে দ্রুত পদক্ষেপ গ্রহণ করা প্রয়োজন। | ইতোপূর্বে গঠিত কমিটি কর্তৃক প্রস্তুতকৃত খসড়া কাজের অগ্রগতি মহাপরিচালক মহোদয়কে ৭ (সাত) কর্মদিবসের মধ্যে অবহিত করতে হবে। | পরিচালক (প্রশাসন) |
| ৩ | নিপোর্ট কর্তৃক বাস্তবায়িতব্য PRTD শীর্ষক ওপি'র Carried | ৫ম HPSNP সেক্টর প্রোগ্রামের অধীন নিপোর্ট কর্তৃক বাস্তবায়িতব্য PRTD শীর্ষক ওপি'র Carried Over কর্মকর্তা-কর্মচারীগণের | নিপোর্টের কারিকুলাম বিশেষজ্ঞ ও লাইন ডিরেক্টর (টিআরডি) ওপি'র পরবর্তী সভায় এ বিষয়ে আলোচনা করবেন। | জনাব নারায়ণ কুমার রায়, কারিকুলাম বিশেষজ্ঞ ও |

অপর পৃষ্ঠা দ্রষ্টব্য

| ক্রম | আলোচ্যসূচি | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্মকর্তা/কর্মচারী |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| | Over কর্মকর্তা-কর্মচারীগণের বেতন-ভাতাদি পরিশোধ সংক্রান্ত | বেতন-ভাতাদি পরিশোধ সংক্রান্ত বিষয়ে আলোচনা হয়। | | লাইন ডিরেক্টর (পিটিআরডি) |
| ৪ | Central Register ও Master File সংক্রান্ত | বর্তমানে নিপোর্টের কোনো সেন্ট্রাল রেজিষ্টার না থাকায় পরিচালক (প্রশাসন) বিষয়টির প্রয়োজনীয়তার কথা উল্লেখ করে গুরুত্বারোপ করেন। তিনি আরও উল্লেখ করেন মাস্টার/গার্ড ফাইল যথাযথ ভাবে মেইনটেইন করা একটি প্রতিষ্ঠানের সুষ্ঠু ব্যবস্থাপনা ও জবাবদিহিতার সাথে সম্পর্কিত। ৩ (তিন) ইউনিটের জন্য একত্রে Central Register এবং Master/Guard File মেইনটেইন/চালু করার বিষয়ে আলোচনা হয়। | নিপোর্টে ৩ (তিন) ইউনিটের জন্য একত্রে Central Register এবং Master/Guard File মেইনটেইন করার বিষয়ে মহাপরিচালক মহোদয় নির্দেশনা প্রদান করেন এবং মহাপরিচালক মহোদয়ের অনুমতিক্রমে পরিচালক (প্রশাসন) দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাদের মধ্যে দায়িত্ব বন্টন করে দেন। | জনাব মোহাম্মদ সাফাত মোস্তফা, তত্ত্বাবধায়ক (প্রশাসন) |
| ৫ | ওয়েবসাইট হালনাগাদকরণ | নিপোর্টের ওয়েবসাইট হালনাগাদকরণের বিষয়ে আলোচনা হয়। | নিপোর্টের মহাপরিচালক মহোদয় নিয়মিত নিপোর্টের ওয়েবসাইট হালনাগাদকরণ এবং NIPORT-এর উল্লেখযোগ্য অনুষ্ঠানাদি, প্রশিক্ষণ প্রোগ্রামের তথ্য ও ছবি যথাসময়ে আপলোড করার জন্য নির্দেশনা প্রদান করা হয়। | জনাব আতিক উল্লাহ, সহকারী প্রোগ্রামার (টিআরডি) ও জনাব শাহরিয়ার জাহান সাকিব, গবেষণা সহযোগী |
| ৬ | অনিষ্পন্ন পত্র | পরিচালক (প্রশাসন) অনিষ্পন্ন পত্রের তালিকা প্রণয়নের বিষয়ে গুরুত্বারোপ করে আলোচনা করেন। মহাপরিচালক মহোদয় মতামত ব্যক্ত করেন যে, অনিষ্পন্ন পত্রের তালিকা কাজের অগ্রগতি পর্যবেক্ষনের জন্য অত্যন্ত প্রয়োজনীয়। | অনিষ্পন্ন পত্রের তালিকা প্রণয়ন ও ব্যবস্থাপনার বিষয়ে জনপ্রশাসন মন্ত্রণালয়ের নীতিমালা অনুসরণ করতে হবে। | সংশ্লিষ্ট সকল কর্মচারী |
| ৭ | আউটসোর্সিং জনবল সংক্রান্ত | নিপোর্ট ও এর আওতাধীন প্রতিষ্ঠানসমূহে নিয়োজিত ১১৯ জন সেবাকর্মীর প্রশাসনিক অনুমোদন প্রাপ্তির বিষয়ে আলোচনা হয়। | নিপোর্ট ও এর আওতাধীন প্রতিষ্ঠানসমূহে নিয়োজিত ১১৯ জন সেবাকর্মীর প্রশাসনিক অনুমোদন প্রাপ্তির জন্য দ্রুত ব্যবস্থা গ্রহণ করতে হবে। | পরিচালক (প্রশাসন) |
| ৮ | ডি-নথি | ডি-নথি এর বিষয়ে বিশদ আলোচনা হয়। | ডি-নথি এর বিষয়ে ইতোমধ্যে এটুআই (a2i) এর সাথে আলোচনা হয়েছে এবং ডি-নথি আইডি খোলার জন্য আরপিটিআই ও আরটিসি থেকে তথ্য সংগ্রহ করা হয়েছে। ডি-নথি সম্পর্কিত পরবর্তী হালনাগাদকরণ | জনাব হিরো ধর, সহকারী পরিচালক (প্রশিক্ষণ) ও অধ্যক্ষ (অ.দা), আরপিটিআই, |

| ক্রম | আলোচ্যসূচি | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্মকর্তা/কর্মচারী |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| | | | তথ্য মহাপরিচালক মহোদয়কে অবহিত করার সিদ্ধান্ত গৃহীত হয়। | মানিকগঞ্জ, জনাব শাহরিয়ার জাহান সাকিব, গবেষণা সহযোগী ও জনাব আতিক উল্লাহ, সহকারী প্রোগ্রামার (টিআরডি) |
| ৯ | নিপোর্টের ফেইসবুক পেইজ | নিপোর্টের ফেইসবুক পেইজ নিয়মিত হালনাগাদকরণের বিষয়ে বিশদ আলোচনা হয়। | নিপোর্টের ফেইসবুক পেইজ নিয়মিত হালনাগাদকরণ এবং NIPORT-এর উল্লেখযোগ্য অনুষ্ঠানাদি, প্রশিক্ষণ প্রোগ্রামের তথ্য ও ছবি যথাসময়ে আপলোড করার জন্য মহাপরিচালক মহোদয় নির্দেশনা প্রদান করেন। | জনাব হিরো ধর, সহকারী পরিচালক (প্রশিক্ষণ) ও অধ্যক্ষ (অ.দা), আরপিটিআই, মানিকগঞ্জ, জনাব শাহরিয়ার জাহান সাকিব, গবেষণা সহযোগী ও জনাব আতিক উল্লাহ, সহকারী প্রোগ্রামার (টিআরডি) |
| ১০ | পদ সৃজন | নিপোর্ট প্রধান কার্যালয়ে রাজস্বখাতে অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক পদ সৃজনের বিষয়ে বিশদ আলোচনা হয়। | নিপোর্ট প্রধান কার্যালয়ে রাজস্বখাতে ০৭ (সাত) টি অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক পদ সৃজনের বিষয়ে মহাপরিচালক মহোদয় দ্রুত ব্যবস্থা গ্রহণের নির্দেশনা প্রদান করেন। | পরিচালক (প্রশাসন) |

সভাপতি বলেন, সভার আলোচ্যসূচি অনুযায়ী অনেক গুরুত্বপূর্ণ বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত হয়েছে। পরিশেষে, নিপোর্টের সকল কর্মচারীকে শৃঙ্খলা ও নিষ্ঠার সাথে প্রতিষ্ঠানের অভীষ্ট লক্ষ্য অর্জনে সকলকে কাজ করারও নির্দেশনা প্রদান করেন।

সভার আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সবাইকে আন্তরিক ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

ডা. আশরাফী আহমদ এনডিসি
মহাপরিচালক (অতিরিক্ত সচিব)
ফোন: ২২৩৩৬২৪৯৫
ই-মেইল: dg@niport.gov.bd

অপর পৃষ্ঠা দ্রষ্টব্য

স্মারক নং- ৫৯.১২.০০০০.০০১.০৬.১৬৭.২৪-১০৬৪/১(৪৫)

তারিখ: ০৩ অগ্রহায়ণ ১৪৩১ বঙ্গাব্দ
১৮ নভেম্বর ২০২৪ খ্রিস্টাব্দ

**অনুলিপি: সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কলাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রাণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২। পরিচালক (প্রশাসন, প্রশিক্ষণ, গবেষণা-চলতি দায়িত্ব), নিপোর্ট, আজিমপুর, ঢাকা।
৩। উপপরিচালক (প্রশিক্ষণ), নিপোর্ট, আজিমপুর, ঢাকা।
৪। অধ্যক্ষ, আঞ্চলিক জনসংখ্যা প্রশিক্ষণ ইনস্টিটিউট (সকল)---------------------------------------------।
৫। প্রশিক্ষণ কর্মকর্তা, আঞ্চলিক প্রশিক্ষণ কেন্দ্র (সকল)--------------------------------------------------।
৬। কর্মকর্তা (সকল), নিপোর্ট, আজিমপুর, ঢাকা।
৭। জনাব---------------------------------------------------------------------------, নিপোর্ট, আজিমপুর, ঢাকা।
৮। জনাব মো: আতিক উল্লাহ, সহকারী প্রোগ্রামার (টিআরডি), নিপোর্ট, আজিমপুর, ঢাকা (কার্যবিবরণীটি নিপোর্টের ওয়েবসাইটে আপলোড করার অনুরোধসহ)।
৯। মহাপরিচালকের ব্যক্তিগত সহকারী(ভারপ্রাপ্ত), নিপোর্ট, আজিমপুর, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১০। অফিস কপি।

১৮।১১।২৪

(লুৎফুন্নেসা খানম)
উপপরিচালক (প্রশাসন) ও সিনিয়র সহকারী সচিব
ফোন: ০২২২৬৬৮৩৬১৪
ই-মেইল: ddadmin@niport.gov.bd